

## অমিয়া মতিনের নতুন সিডি

গত ৯ই ডিসেম্বর সিডনীর জনপ্রিয় সঙ্গীত শিল্পী অমিয়া মতিন প্রকাশ করলেন তার নতুন নজরণ্ল সঙ্গীতের সিডি, আশা পথ চাহি। এটি অমিয়া মতিনের ৫ম সিডি। এ উপলক্ষে লিভারপুলের ফান্সি গ্রীণওয়ে সেন্টারে একটি প্রকাশনা উৎসবের আয়োজন করা হয়। এ হলে বাংলাদেশী কমিউনিটির কোন অনুষ্ঠান সম্ভবতঃ এই প্রথম। ছোট অনুষ্ঠানের জন্য চমৎকার একটি হল। তবে আজকাল সিডনীর বিভিন্ন অনুষ্ঠানে দর্শক উপস্থিতির কথা ভাবলে অমিয়া মতিনের এই অনুষ্ঠানকে কোন ভাবেই ছোট বলা যাবে না। প্রচুর লোক সমাগম হয়েছিল তার অনুষ্ঠানে। শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন, নাট্যকর্মী জনাব গোলাম মোস্তফা, বঙ্গবন্ধু পরিষদ (খোকন) এর সাধারণ সম্পাদক ড. রোনাল্ড পাত্র, বঙ্গবন্ধু পরিষদ (পারভেজ) এর সভাপতি ড. কাইয়ুম পারভেজ, সঙ্গীত পরিচালক জনাব কিরণ প্রধান এবং আমাদের বিভিন্ন অনুষ্ঠানের অতি পরিচিত মুখ, কনসাল জেনারেল এন্ডনী কুরী। কিরণ প্রধান সম্ভবতঃ ভারতের নাগরিক। এই নতুন সিডিটির মিউজিক কম্পোজের যাবতীয় কারিগরী ব্যাপারে সহযোগিতা করেছেন তিনি।

শুভেচ্ছা বক্তব্যের পর লাল কাপড়ে ঘোড়া সিডি কাভারের একটা বড় ছবির ফিতা কেটে এন্ডনী কুরী অনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করলেন অমিয়া মতিনের ৫ম সিডি, আশা পথ চাহি। সবাই সজোরে করতালি দিয়ে অভিনন্দন জানালো শিল্পীকে।



এরপর ছিল অমিয়া মতিনের একক সঙ্গীত পর্ব। তিনি তার নতুন সিডি থেকে কয়েকটি গান প্লেব্যাক মিউজিকের সাথে গেয়ে শোনান শ্রোতাদের। গানের ফাকে ফাকে ছিল নাচ। নাচ করেছে তপা, প্রিয়েতা, মাহিমা ও অরিত্রি।

প্রথম পর্বের পর ছিল বিশ মিনিটের বিরতী; এ সময় হলের বাইরে খাবার বিক্রী করেছে সিডনীর একটি সংগঠন। বিরানী ৫ ডালার, কোক ১.৫০।

বিরতীর পর ছিল অনুরোধের আসর। এই পর্ব অমিয়া মতিন বেশ কিছু হারানো দিনের গান গেয়ে দর্শক-শ্রোতার মনোরঞ্জন করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন সিডনীর জনপ্রিয় লেখিকা ডালিয়া নিলুফার, তাকে সহযোগিতা করেন সামিনা চৌধুরী।

- আনিসুর রহমান